# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmsme@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২০-২১/ ১৭৬৪(১২০৪) তারিখঃ ২০/০১/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য ২০,০০০ কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর ১৩/০৪/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং ১৯/১১/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪ (কপি সংযুক্ত) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর ৮(খ) অনুচ্ছেদে ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফাসহ ঋণ/বিনিয়োগের স্থিতি কোনভাবেই মঞ্জুরীকৃত ঋণসীমা অতিক্রম করতে পারবে না, তবে কোন কারনে সুদ/মুনাফা আরোপের ফলে ঋণসীমা অতিক্রম করলে প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ঋণ গ্রহিতা কর্তৃক তা পরিশোধিত হতে হবে মর্মে উল্লেখ রয়েছে। পরবর্তীতে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪ এর মাধ্যমে সুদ/মুনাফা আরোপের ফলে ঋণ/বিনিয়োগসীমা অতিক্রম করলে প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহিতা কর্তৃক তা পরিশোধিত হতে হবে মর্মে নির্দেশনা দেয়া আছে। এছাড়াও সময়ে সময়ে অত্র বিভাগ কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে ৪% হারে আরোপিত সুদ নির্ধারিত সময়ের মধ্যে আদায়পূর্বক সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন প্রেরনের অনুরোধ জানানো হলেও মাঠ কার্যালয়সমূহ কর্তৃক আরোপিত সুদের টাকা আদায় না করেই সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। **সার্কুলারের নির্দেশনা পরিপালিত না হওয়ায় বাংলাদেশ ব্যাংক/সরকারের নিকট হতে দাবীকৃত সুদ ভর্তুকীর টাকা পুনর্ভরণ পাওয়া যাচ্ছে না।** ফলে আরোপযোগ্য ৯% হারে সমুদয় সুদ ঋণ গ্রহিতার দায় হিসাবে বিবেচিত হবে। সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজের সুবিধাভোগী হওয়া সত্ত্বেও সুবিধা না পেয়ে ঋণ গ্রহিতাগণ ক্ষতিগ্রস্ত হওয়ার শঙ্কা দেখা দিয়েছে। এতে করে সরকার ও বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হতে পারে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরন করে ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণে ত্রৈমাসিক ভিত্তিতে ৪% হারে আরোপিত সুদ ত্রৈমাস পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে আদায়পূর্বক সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন প্রেরনের জন্য অনুরোধ করা হলো। বিগত ত্রৈমাসসমূহে যে সকল ঋণ হিসাবে সুদের টাকা আদায় হয়নি সে সকল ঋণ হিসাবের সুদের টাকা আদায়পূর্বক ব্যাংক হিসাবের লেনদেন বিবরনীসহ আগামী ২৬/০১/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। **বিষয়টি অতীব জরুরী।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
20/01/2021
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ০১(এক) মাত্র।

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ১৭৬৪(১২০৪) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

20/01/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্‌ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
**Website: www.bb.org.bd**

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪

তারিখঃ ১৯ নভেম্বর, ২০২০ / ০৪ অগ্রহায়ণ, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত সার্কুলারে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সীমাতিরিক্ত স্থিতি সমন্বয়ের শর্ত উল্লেখ থাকায় অনেক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এতদ্‌সংক্রান্ত শর্ত পরিপালন করতে গিয়ে জটিলতার সম্মুখীন হচ্ছে। বিশেষ করে সীমাতিরিক্ত স্থিতি সমন্বয়ের উদ্দেশ্যে জমাকৃত চেক নানাবিধ কারণে যথাসময়ে ঋণ/বিনিয়োগ হিসাব খাতে আকলন (Credit) না হওয়ার ফলে উল্লিখিত শর্তের ব্যত্যয় হচ্ছে। অধিকন্তু, সিএমএসএমই গ্রাহকগণের পক্ষে মাসের শুরুতেই পাওনা আদায়করতঃ ব্যাংকের দেনা পরিশোধ সম্ভবপর হয়ে উঠে না। এছাড়া, গ্রাহক কর্তৃক সমন্বয়ের পর প্রয়োজনীয় কাগজপত্রসহ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে সংগৃহীত তথ্য বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্‌ ডিপার্টমেন্টে পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে অনাপত্তির জন্য প্রেরণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো সমস্যার সম্মুখীন হচ্ছে।

০৩। উপর্যুক্ত বিষয়সমূহ বিবেচনায় এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত সার্কুলারের ৮(খ) এবং ৯(খ) নং অনুচ্ছেদদ্বয় নিম্নরূপে প্রতিস্থাপিত/পরিবর্তন হবে ঃ

৮(খ) নং এ ''ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফাসহ ঋণ/বিনিয়োগের স্থিতি (Loan Outstanding) কোনভাবেই মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগসীমা অতিক্রম করতে পারবে না এবং কোন কারণে সুদ/মুনাফা আরোপের ফলে ঋণ/বিনিয়োগসীমা অতিক্রম করলে প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধিত হতে হবে;"

৯(খ) নং এ ''সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ত্রৈমাসিক পরবর্তী মাসের ১২ (বারো) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্‌ ডিপার্টমেন্ট' এ বিগত তিন মাসে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিষয়ে সংযোজনী-৩ অনুযায়ী তথ্য সরবরাহকরতঃ উক্ত বিভাগের অনাপত্তি পত্রসহ বাংলাদেশ ব্যাংকের 'একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট' বরাবরে সুদ/মুনাফা বাবদ ভর্তুকীর জন্য আবেদন করবে;"

০৪। এতদ্ব্যতীত উল্লিখিত সার্কুলারের অন্যান্য শর্তসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো ।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২